

কেন্দ্রের বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : রমেন্দ্র নাথ বিশ্বাস
রেস্টুর
সভার তারিখ : ২৫ জুলাই ২০২২
সভার সময় : বেলা ৩:৩০ টা
স্থান : রেস্টুর'স কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) গত ২১ জুলাই ২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত সভার নির্দেশনাসমূহ উপস্থাপন করেন। অতঃপর কেন্দ্রে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ নির্দেশনা/সিদ্ধান্ত গৃহীত হয়:-

বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় বিষয় নির্দেশনা/সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত	
১. অফিস সময়ের পূর্বে কক্ষ খোলার সময় এবং পরিষ্কারের পর কক্ষের লাইট এবং এয়ারকুলার বন্ধ রাখা।	এসংক্রান্ত তদারকি কমিটি এবং
২. কর্মকর্তা/কর্মচারীগণ কক্ষে প্রবেশের পর যে পরিমাণ আলো প্রয়োজন; সে মোতাবেক অর্থাৎ সাশ্রয়ীভাবে কক্ষের লাইট জ্বালাবেন।	পরিচালক (প্রশাসন),
৩. কেন্দ্রের যেসকল কক্ষে ফ্যান রয়েছে যেসকল কক্ষে এয়ারকুলার ব্যবহার যথাসম্ভব কম করা। লাইব্রেরীতে এয়ারকুলার ব্যবহার যথাসম্ভব নূন্যতম পর্যায়ে রাখা।	প্রত্যেক অনুবিভাগ প্রধান, উপপরিচালক
৪. কেন্দ্রের শহীদ মিনারে একটি লাইট জ্বালানো। কর্মকর্তা ও কর্মচারীগণের কক্ষে প্রয়োজন না হলে এয়ারকুলার বন্ধ রাখা।	(প্রশাসন/সেবা)
৫. ক্যাফেটেরিয়ায় খাবার শুরুর ২০ মিনিট আগে এয়ারকুলার/ফ্যান চালু করা এবং খাওয়া শেষে এয়ারকুলার/ফ্যান বন্ধ রাখা।	
৬. শ্রেণি কক্ষগুলোতে ক্লাশ শুরুর ২০ মিনিট আগে এয়ারকুলার/ফ্যান চালু করা এবং ক্লাশ শেষে এয়ারকুলার বন্ধ রাখা। এয়ারকুলারের তাপমাত্রা সর্বদা ২৪ ডিগ্রী সেলসিয়াসে রাখা।	
৭. কেন্দ্রের নিরাপত্তা লাইটগুলোর বিকল্প সুইচ-এর ব্যবস্থা করা। মাগরিবের আযানের ৫ মিনিট আগে কেন্দ্রের নিরাপত্তা লাইট জ্বালানো এবং সকালে সূর্য ওঠার সাথে সাথে লাইট বন্ধ করা।	
৮. রাত ৮.০০ টার মধ্যে আবাসিক এলাকার দোকানসমূহ বন্ধ রাখা।	
৯. কেন্দ্রের স্কুল এন্ড কলেজে বৈদ্যুতিক মিটার লাগানো এবং মিটার রিডিং অনুযায়ী বিদ্যুৎ বিল পরিশোধ করা।	
১০. কেন্দ্রের আবাসিক এলাকার ফ্ল্যাটসমূহে ৩১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মিটার লাগানোর অনুরোধ জানিয়ে অবিলম্বে পল্লী বিদ্যুৎকে পত্র প্রেরণ	

বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় বিষয় নির্দেশনা/সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
<p>করতে হবে এবং মিটার রিডিং অনুযায়ী ফ্ল্যাট বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধ করবে।</p> <p>১১. কেন্দ্রের ওভারহেড ট্যাংকের ওভারফ্লো বন্ধ করা এবং পানি ব্যবহারে সাশ্রয়ী হওয়া।</p> <p>১২. কক্ষ ত্যাগের সময় কর্মকর্তা ও কর্মচারীগণ নিজ দায়িত্বে কক্ষের লাইট ফ্যান ও এয়ারকুলার বন্ধ করবেন। পুনরায় কক্ষে প্রবেশের সময় প্রয়োজন অনুযায়ী কক্ষের লাইট, ফ্যান ও এয়ারকুলার চালু করবেন।</p> <p>১৩. সকল ইলেকট্রনিক্স ডিভাইস যেমন-কম্পিউটার, টিভি, ফ্রিজ, ওভেন, হিটার ক্যাটলি, গিজার ইত্যাদি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করবেন; যাতে কোনোভাবেই বিদ্যুৎ-এর অপচয় না হয়।</p> <p>১৪. অফিস বন্ধের সময় সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ দায়িত্বে ইলেকট্রনিক্স ডিভাইসসহ লাইট, ফ্যান এবং এসি বন্ধ রাখবেন।</p> <p>১৫. টয়লেট জোনে দিনের বেলায় একটি লাইট ব্যতিত অন্য লাইট বন্ধ থাকবে।</p> <p>১৬. বারান্দা বা সিকিউরিটি লাইট দিনের বেলায় জ্বালানো যাবে না। রাত্রে বা সন্ধ্যায় প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে হবে।</p> <p>১৭. বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি লাইট ব্যবহার করতে হবে এবং দিনের আলোকে (Sun-Light) কাজে লাগাতে হবে।</p> <p>১৮. বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারি অফিস কক্ষে নতুন করে এয়ারকুলার স্থাপন এবং অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশন বন্ধ রাখতে হবে।</p> <p>১৯. অফিসের ন্যায় নিজ নিজ বাসস্থানেও অনুরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>২০. বিশেষ প্রয়োজন ছাড়া নির্ধারিত সময়ে অফিস ত্যাগ করতে হবে (বিকাল ৫.০০ টা)।</p> <p>২১. সার্ভাররুম, অপরিহার্য নিরাপত্তার ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা আওতামুক্ত থাকবে।</p> <p>২২. সরকারি নির্দেশনার প্রেক্ষিতে কেন্দ্রের অভ্যন্তরে বিকাল ৪.০০ টা হতে ৫.০০ টা পর্যন্ত ১ (এক) ঘন্টা বিদ্যুৎ লোড শেডিং থাকবে। ঐসময় সার্ভার রুম ব্যতিত সকল রুমের এসি বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। বিকাল ৪.০০ টা হতে ৫.০০ টা পর্যন্ত ১ (এক) ঘন্টা বিদ্যুৎ লোড শেডিং এর সদয় নির্দেশনার জন্য পল্লীবিদ্যুৎ অফিসে পত্র প্রেরণ করতে হবে।</p> <p>২৩. কেন্দ্রের ক্ষেত্রে প্রত্যেক অনুবিভাগ প্রধান উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করবেন।</p>	<p>এসংক্রান্ত তদারকি কমিটি এবং প্রত্যেক অনুবিভাগ প্রধান, পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন/সেবা)</p>
<p>জ্বালানী সাশ্রয় সংক্রান্ত</p> <p>১. বিপিএটিসি কর্তৃক পরিচালিত গাড়ি নির্ধারিত রোড প্ল্যানের বাইরে প্রেরণ করা যাবে না।</p> <p>২. মেইনরোডে গাড়ি চলবে, ব্রাঞ্চরোডে গাড়ি চলবে না। সাশ্রয়ী রুট পুনঃবিন্যাস করে জ্বালানী সাশ্রয় নির্ণয় করতে হবে।</p> <p>৩. বিপিএটিসি'র গাড়ি জ্বালানীর ক্ষেত্রে বার্ষিক বরাদ্দের ৩০% সাশ্রয় করতে হবে।</p> <p>৪. কর্মকর্তাগণের অনুকূলে সার্বক্ষণিক ব্যবহারের নিমিত্তে বরাদ্দকৃত গাড়ির মাসিক জ্বালানী বরাদ্দ ২০% সংকোচন করতে হবে।</p> <p>৫. বিপিএটিসি'র যে সমস্ত গাড়িতে গ্যাস সিলিন্ডার রয়েছে; তা পরীক্ষা করে সিলিন্ডার ব্যবহার উপযোগী থাকলে, জ্বালানী হিসেবে গ্যাস ব্যবহার নিশ্চিত করতে হবে।</p> <p>৬. সাধারণ প্রয়োজন ছাড়া দাপ্তরিক প্রয়োজনে অধিযাচনকারীদের যথাসম্ভব একত্র করে গাড়ি প্রদান করতে হবে।</p>	

বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় বিষয় নির্দেশনা/সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
<p>৭. কেন্দ্রের বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। কেন্দ্রের ১জন এমডিএসকে আহবায়ক করে নিম্নবর্ণিত ৩ (তিন) জন সদস্যর সমন্বয়ে তদারক কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:</p> <p>ক) জনাব মোঃ জাকির হোসেন, এমডিএস -আহবায়ক খ) জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, পরিচালক (প্রশাসন) - সদস্য গ) জনাব দেওয়ান মওদুদ আহমেদ, উপপরিচালক (সেবা) - সদস্য-সচিব</p>	

সভায় অন্য কোন আলোচনা না-থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৭.০৭.২২
(রমেন্দ্র নাথ বিশ্বাস)
রেস্টুর

কার্যবিবরণী নং-০৫.০১.০০০০.১২৬.০৬.০১৪.১৮. ২২৮/২

তারিখ: ২৭/০৭/২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সকল অনুষদ সদস্য, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ২) প্রকল্প পরিচালক, চলমান সকল প্রকল্প, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৩) উপপরিচালক, আঞ্চলিক কেন্দ্র (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা);
- ৪) পিএস টু রেস্টুর (রেস্টুর মহোদয়ের অবগতির জন্য), বিপিএটিসি, ঢাকা;
- ৫) সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ৬) সকল ১০ম গ্রেডের কর্মকর্তা, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৭) ১১-২০তম গ্রেডের সকল কর্মচারী, বিপিএটিসি, সাভার, ঢাকা


২৭/৭/২০২২
(মোহাম্মদ রাজিবুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)